# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 11-08-2025** **Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকায় ভুয়ো ভোটারদের নাম যুক্ত করার অভিযোগে রাজ্যের দুই আধিকারিক সহ পাঁচজনের সাসপেনশনের বিষয়ে রাজ্য কি পদক্ষেপ নিয়েছে নির্বাচন কমিশন আজ দুপুরের মধ্যে তা জানানোর নির্দেশ দিয়েছে।

২) রাজ্যে প্রথম বাতানুকূল ই এম ইউ লোকাল ট্রেন পরিষেবা আজ বাণিজ্যিকভাবে শুরু হতে চলেছে।
যাত্রীদের সুবিধার্থে কলকাতা মেট্রো আজ থেকে পার্পেল ও গ্রীণ লাইনে ট্রেন পরিষেবা বৃদ্ধি করছে।

৩) টানা ভারী বৃষ্টির জেরে বীরভূমের মূয়ুরেশ্বর নদীর ওপর তিলপাড়া ব্যারেজ ক্ষতিগ্রস্ত। মেরামতির কাজ চলেছে।

৪) জলপাইগুড়ির ওপর দিয়ে বিস্তৃত সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে আগামী দুদিন বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

৫) এরাজ্যে হরঘর জল প্রকল্পের কাজ সঠিকভাবে হচ্ছে না বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর অভিযোগ করেছেন।

৬) ইস্টবেঙ্গল ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে।

oooooooooooooooooooooooooo

ভোটার তালিকায় ভুয়ো ভোটারদের নাম যুক্ত করার অভিযোগে রাজ্যের দুই WBCS আধিকারিক সহ পাঁচ জনের সাসপেনশনের বিষয়ে রাজ্য সরকার কি পদক্ষেপ নিয়েছে, তা জানাতে নির্বাচন কমিশন রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থকে লেখা এক চিঠিতে কমিশন আজ দুপুর তিনটের মধ্যে এর জবাব দিতে বলেছে।

উল্লেখ্য, গত মঙ্গলবার রাজ্য সরকারকে পাঠানো চিঠিতে কমিশন দক্ষিণ ২৪ পরগণার বারুইপুর পূর্ব এবং পূর্ব মেদিনীপুরের ময়না বিধানসভা কেন্দ্রের দুই ইআরও, WBCS আধিকারিক এবং দুই এইআরও-কে সাসপেন্ড করার নির্দেশ দিয়েছিল। পাশাপাশি অস্থায়ী ডেটা এন্ট্রি অপারেটর সুরজিত্ হালদারের বিরুদ্ধেও এফআইআর দায়েরের নির্দেশ দেওয়া হয়।

এর আগে ঝাড়গ্রামের এক সভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নির্বাচন কমিশনের এধরনের নির্দেশ দেওয়ার এক্তিয়ার নিয়ে প্রশ্ন তোলেন। পাশাপাশি কোনোরকম ব্যবস্থা নেওয়া হবে না বলেও ইঙ্গিত দিয়েছিলেন তিনি।

oooooooooooooooooooooooooo

রাজ্যে প্রথম বাতানুকূল ই এম ইউ লোকাল ট্রেন পরিষেবা আজ বাণিজ্যিকভাবে শুরু হতে চলেছে। রানাঘাট ও শিয়ালদার মধ্যে এই লোকাল ট্রেন সকাল ৮ টা ২৯ মিনিটে রানাঘাট থেকে ছেড়ে শিয়ালদহে পৌঁছবে ১০ টা বেজে ১০ মিনিটে। ফিরতি পথে ট্রেনটি ৬টা ৫০ মিনিটে শিয়ালদা থেকে ছেড়ে রানাঘাট পৌঁছবে রাত ৮টা ৩২ মিনিটে।

শিয়ালদহ থেকে ছাড়ার পর ট্রেনটি থামবে - বিধাননগর, দমদম জংশন, সোদপুর, খড়দা, ব্যারাকপুর, নৈহাটি, কাঁচরাপাড়া, কল্যাণী ও চাকদহ স্টেশনে। ট্রেনটির সর্বনিম্ন ভাড়া ৩৫ টাকা এবং সর্বোচ্চ ১২০ টাকা ধার্য করা হয়েছে। দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক এবং মাসিক টিকিটের ব্যবস্থা থাকছে। মহিলাদের জন্য গাড়ির দুই প্রান্তে একটি করে মোট দুটি কোচ থাকবে। এছাড়া , দিব্যাংগ ও সিনিয়র সিটিজেন দের জন্য যথারীতি

আসন সংরক্ষিত থাকবে। অত্যাধুনিক প্রযুক্তি সম্পন্ন এই ট্রেনের অভ্যন্তর ভাগ এন্ড - টু - এন্ড ভেস্টিবুলযুক্ত। পুরো রেক সিসিটিভি নজরদারির আওতায় এবং জরুরি পরিস্থিতে চালক বা গার্ডের সঙ্গে যোগাযোগ করতে টক ব্যাক সুইচ দেওয়া হয়েছে। ট্রেনের যাত্রা পুরোদমে আরম্ভ হলে নিত্য যাত্রীদের ভিড় সামাল দেওয়া ও গরমের সময় রেলযাত্রীদের কষ্ট লাঘব হবে।

আগেই জানানো হয়েছে, গতকাল এই বাতানুকূল ট্রেনের আনুষ্ঠানিক সূচনা করা হয়। দুই কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার ও শান্তনু ঠাকুর এর উদ্বোধন করেন। সঙ্গে ছিলেন, বিজেপি-র রাজ্য সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্য, সাংসদ জগন্নাথ সরকার পূর্ব রেলের জেনারেল ম্যানেজার Milind Deouskar ও শিয়ালদার DRM রাজীব সাক্সসেনা। অনুষ্ঠানে সুকান্ত মজুমদার বলেন, ২০১৪-য় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ক্ষমতায় আসার পর থেকে সারা দেশের সঙ্গে এরাজ্যেও রেলের ব্যাপক উন্নয়ন হয়েছে।

(বাইট – সুকান্ত)

সাংসদ ও বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বিনা টিকিটে ট্রেনে চড়ার অভ্যাস ত্যাগ করে টিকিট কেটে ট্রেনে চড়ার জন্য রেল যাত্রীদের প্রতি অনুরোধ করেন। শিয়ালদা - রানাঘাটের পর শিয়ালদা বনগাঁ সেকশনে এসি EMU লোকাল চালু হওয়ার ইঙ্গিত দেন।

(বাইট – শমিক)

এই EMU লোকাল পরিষেবার জন্য শিয়ালদা ডিভিশনের হাতে দুটি রেক ইতিমধ্যে এসে পৌঁছেছে। প্রাথমিক ভাবে ১ টি রেক দিয়ে এই পরিষেবা চালানো হবে। পরে যাত্রীদের চাহিদা বৃদ্ধি পেলে রেকের সংখ্যা বাড়ানো হবে বলে রেল সূত্রের খবর। মুম্বাই ও চেন্নাই এর পর পূর্ব ভারতে এই প্রথম AC EMU লোকাল ট্রেন পরিষেবা চালু হলো।

ooooooooooooooooooooooooooo

যাত্রীদের সুবিধার্থে কলকাতা মেট্রো আজ থেকে পার্পল লাইন, গ্রীন লাইন ওয়ান এবং টু-তে ট্রেন পরিষেবা বৃদ্ধি করছে। গ্রীন লাইন ওয়ানে শিয়ালদা থেকে সল্টলেক সেক্টর ফাইভ পর্যন্ত ট্রেনের সংখ্যা ১০৬ থেকে বাড়িয়ে ১০৮, গ্রীন লাইন টু-তে হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেড পর্যন্ত রেকের সংখ্যা বাড়িয়ে ১৩৪ করা হচ্ছে।

অন্যদিকে, পার্পল লাইনে জোকা-মাঝেরহাটের মধ্যে ট্রেন সংখ্যা ৭২ টির পরিবর্তে ৮০ টি হচ্ছে বলে জানা গেছে। তবে শনি ও রবিবার কোনো ট্রেন পরিষেবা মিলবেনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

টানা ভারী বৃষ্টির জেরে বীরভূমের ময়ূরেশ্বর নদীর উপরে তিলপাড়া ব্যারাজ গুরুতর কাঠামোগত ক্ষতির মুখে পড়েছে। সেচ দফতর জরুরী মেরামতিরও কাজ শুরু করেছে। আইআইটি রূড়কির ব্যারাজ বিশেষজ্ঞ জুলফিকার আহমেদ ও বিশ্ব ব্যাঙ্কের প্রতিনিধিদের উপস্থিতিতে কেন্দ্রীয় জল কমিশনের একটি দল গতকাল এই ব্যারাজ পরিদর্শন করে।

এদিকে, রাজ্যের সেচমন্ত্রী মানস ভুঁইয়া জানিয়েছেন, ব্যারাজে অস্থায়ী মেরামতির কাজের জন্য মার্চ মাসে ২১ কোটি টাকা বরাদ্দ হয়েছিল এবং জুলাইয়ের মধ্যে কাজ শেষ করার লক্ষ্য ছিল। কিন্তু ভারী বৃষ্টির জন্য কাজ থমকে যায় এবং ডিভাইডারগুলিতে নতুন করে ফাটল দেখা দেয়।

উল্লেখ্য, পরিস্থিতি গুরুতর হওয়ায় ১ আগস্ট থেকে ব্যারাজের উপর সেতু দিয়ে যান চলাচল বন্ধ করে দেওয়া হয়েছে, ফলে স্থানীয়দের যাতায়াতে অসুবিধা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়ির ওপর দিয়ে বিস্তৃত সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে আগামী দুদিন বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। কালিম্পং, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় ভারী থেকে অতিভারী এবং কোচবিহার ও দার্জিলিং-এ ভারী বৃষ্টির সম্ভাবনা।

দক্ষিণবঙ্গে জেলাগুলিতে আজ হাল্কা বৃষ্টির সম্ভাবনা। তবে, আগামীকাল থেকে উপকূলবর্তী জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ আবারও বাড়তে পারে বলে আবহাওয়া বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট – সৌরিশ)

উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৩৫ থেকে ৪৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা। সমুদ্র উত্তাল থাকবে। মৎস্যজীবীদের ১৩ ও ১৪-ই আগস্ট সাগরে মাছ ধরতে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

ooooooooooooooooooooooooooo

দিল্লির হরিনগর এলাকায় প্রবল বৃষ্টিতে দেওয়াল ভেঙ্গে মৃত ৮ জনের মধ্যে এ রাজ্যের ৫ পরিযায়ী শ্রমিকের দেহ ময়না তদন্তের পর গতরাতে রাজ্যে নিয়ে আসা হয়েছে। দিল্লির সফদর জং হাসপাতালে দেহ গুলির ময়না তদন্ত করা হয়। কলকাতা বিমান বন্দর থেকে মর দেহগুলি সরাসরি তাদের গ্রামের বাড়িতে পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে । মূর্শিদাবাদের সাংসদ আবু তাহের খান, জঙ্গিপুরের সাংসদ খলিলুর রহমান ও রাজ্যসভার সাংসদ, পরিযায়ী শ্রমিক কল্যাণ পর্ষদের চেয়ারম্যান সামিরুল ইসলাম ময়না তদন্ত ও দেহগুলি ফেরত পাঠানোর সময় উপস্থিত ছিলেন।

আগেই জানানো হয়েছে, রবিউল শেখ, রুবিনা বিবি, রুকসানা খাতুন এবং হাসিনা খাতুন নামে মুর্শিদাবাদের চার বাসিন্দা ও মালদার এক শ্রমিক ওই দুর্ঘটনা প্রাণ হারান। যে সময় প্রবল বৃষ্টির জেরে দেওয়াল ভেঙে পড়ে, সেই সময় এরা সকলেই ঘুমিয়েছিলেন বলে জানা গেছে।

ooooooooooooooooooooooooooo

এরাজ্যে হর ঘর জল অর্থাৎ নলবাহিত পানীয় জল প্রকল্পের কাজ সঠিকভাবে হচ্ছে না বলে অভিযোগ করেছেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। নদীয়ার কল্যাণীতে গতকাল এক সাংবাদিক বৈঠকে এনিয়ে অসন্তোষ প্রকাশ করেন তিনি।

(বাইট-শান্তনু)

এর আগে কল্যাণীর এইমসে মেরা যুব ভারত নদিয়ার পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কর্মসূচি সম্পর্কে যুবক যুবতীদের অবহিত করতে এক কর্মশিবিরের আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারে যুব তৃণমূল কংগ্রেস নেতা খুনের ঘটনায় ৫ জনকে আটক করে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। এখনও কাউকে গ্রেফতার করা হয়নি।

উল্লেখ্য, শনিবার পুন্ডীবাড়ি থানার ডোডেয়ার হাটে দুষ্কৃতিদের গুলিতে খুন হন যুব তৃণমূল সহ সভাপতি সন্দীপ রায়, ওরফে অমর এবং তার গাড়ির চালকও গুলিবিদ্ধ অবস্থায় চিকিৎসাধীন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নবান্নে শনিবার ঘটনায় এখনো পর্যন্ত মোট সাতটি মামলা রুজু হয়েছে , তবে কাউকে এখনও গ্রেপ্তার করা হয়নি বলে কলকাতার নগরপাল মনোজ ভার্মা জানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি জানান, সমস্ত ফুটেজ তাঁরা খতিয়ে দেখছেন, কে বা কারা হাইকোর্টের অর্ডার অমান্য করেছে তাও খতিয়ে দেখা হচ্ছে। ক্যামেরা সহ বিভিন্ন অ্যাঙ্গেলের ফুটেজ খতিয়ে দেখে দোষীদের চিহ্নিত করার চেষ্টা চলেছে।।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অভয়ার মৃত্যুর এক বছর পূর্তিতে গত ৮ ও ৯ আগস্ট যে এক গুচ্ছ কর্মসুচি পালন হয়েছে, তার একটি কর্মসুচি নিয়ে অভয়া মঞ্চের দুই আহ্বায়ক ডাক্তার পূণ্যব্রত গুণ ও ডাক্তার তমনাশ চৌধুরীকে পুলিশ সমন পাঠিয়ে তলব করার ঘটনায় ডাক্তারদের ৫ টি সংগঠনের যৌথ মঞ্চ Joint Platform of Doctors , West Bengal তীব্র নিন্দা করেছে। JPD র আহ্বায়ক ডাক্তার হীরালাল কোনার গতকাল এক বিবৃতিতে বলেন, এই

ঘটনাকে নিছক আইনি প্রক্রিয়া বলে মানা সম্ভব নয়। যে খুন , ধর্ষণ, প্রমাণ লোপাট ও দুর্নীতির তদন্তে প্রশাসনের ভূমিকা এতদিন নীরব, সেখানে হঠাৎ করে আন্দলনের সময় কয়েকজন সাইকেল আরোহীর আইন ভঙ্গের অজুহাত দেখিয়ে ডাক্তারদের তলব করা , থ্রেট কালচারের প্রকাশ বলে ওই বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শ্রাবণ মাসের আজ শেষ সোমবার। এই উপলক্ষ্যে বিভিন্ন শৈবতীর্থে ভক্তদের ভিড় উপচে পড়ছে। মহাদেবের মাথায় জল ঢালতে হুগলীর তারকেশ্বর, জলপাইগুড়ির জল্পেশ, পূর্ব বর্ধমানের কালনার ১০৮ শিব মন্দির, নদীয়ার দিগনগরের রাঘবেশ্বর ও শিবনিবাস সহ বিভিন্ন শৈবতীর্থে বহু পূন্যার্থীর ভিড় লক্ষ্য করা যাচ্ছে। শান্তিপুর ও নবদ্বীপের গঙ্গার ঘাটগুলিতে দূর দূরান্ত থেকে আসা বহু পুণ্যার্থী স্নান সেরে জল নিয়ে মন্দিরের উদ্দেশে রওনা দিচ্ছেন। শান্তিপুর থেকে দিগনগর পর্যন্ত ১২ নম্বর জাতীয় সড়কের পাশে শিবির খোলা হয়েছে। সেখান থেকে পুন্যার্থীদের হাতে খাদ্য, পানীয় জল, শরবত, বিস্কুট সহ নানাবিধ সামগ্রী তুলে দেওয়া হবে। রাত বারোটা নাগাদ মন্দিরে বিশেষ পুজো পাটের পর শিবের মাথায় জল ঢালা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইস্টবেঙ্গল ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে উঠেছে। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল তাদের লিগ পর্বের শেষ ম্যাচে ইস্টবেঙ্গল , ইন্ডিয়ান এয়ার ফোর্সকে ৬-১ গোলে হারিয়ে দেয়। এই জয়ের ফলে ইস্টবেঙ্গল গ্রুপ এ র শীর্ষে থেকে কোয়ার্টার ফাইনালে পৌঁছলো। লিগ পর্বের প্রতিটি ম্যাচ জিতেই তারা শেষ আটে পৌঁছলো।

উল্লেখ্য, প্রথমার্ধে ২-১ গোলে এগিয়ে ছিলো লাল হলুদ। দ্বিতীয়ার্ধে আরো চারটি গোল দেয় তারা। ম্যাচের সপ্তম মিনিটে হামিদ আহদাদ ইস্টবেঙ্গলকে এগিয়ে দেন। ম্যাচের ২৬ মিনিটে ব্যবধান বাড়ান বিপিন সিং। ৩৭ মিনিটে এয়ার ফোর্সের হয়ে একটি গোল

পরিশোধ করেন অমন খান। দ্বিতীয়ার্ধে ম্যাচের ৬৪ মিনিটে ইস্টবেঙ্গলের হয়ে তৃতীয় গোল করেন আনোয়ার আলি। ৬৯ মিনিটে ব্যবধান ৪-১ করেন মহম্মদ রশিদ। ৮৫ মিনিটে দলের হয়ে পঞ্চম গোল করেন সাওল ক্রেসপো। দ্বিতীয়ার্ধের সংযুক্ত সময়ে ব্যবধান ৬-১ করেন ডেভিড হ্যামার।

oooooooooooooooooooooooooooo

দেশের অন্যতম প্রাচীন কলকাতার মহামেডান স্পোর্টিং ক্লাবের আর্থিক অচলাবস্থা কাটানোর বিষয়ে মুখ্যমন্ত্রী সাহায্যের আশ্বাস দিয়েছেন। ক্লাবের এক প্রতিনিধি দল গতকাল কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাসভবনে গিয়ে দেখা করেন। তাঁর হাতে একটি স্মারকলিপিও তুলে দেওয়া হয়।

উল্লেখ্য, শেয়ার হস্তান্তর না হওয়ার কারণ দেখিয়ে বিনিয়োগকারী সংস্থা **শ্রাচী** এবং **বাঙ্কারহিল** মহামেডান ক্লাবকে অর্থ দেওয়া স্থগিত রেখেছে। এই কারণে ক্লাবের খেলোয়াড়দের বেতন কয়েক মাস বন্ধ বলে জানা গেছে। এই পরিপ্রেক্ষিতেই ক্লাবের তরফে মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ চাওয়া হয়।

oooooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooooo